

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 12-01-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Vivekananda Jayanti:

আজ বীর সন্ধ্যাসী রামকৃষ্ণ মঠ ও মিশনের প্রধান কার্যালয় বেলুরমঠের প্রতিষ্ঠাতা স্বামী বিবেকানন্দের ১৬৩ তম আবির্ভাব দিবস। দিনটি নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে রাজ্যেও জাতীয় যুবদিবস হিসাবে পালিত হবে। স্বামী বিবেকানন্দের জন্মদিন উপলক্ষে রামকৃষ্ণ মিশনের পক্ষ থেকেও নানা কর্মসূচী নেওয়া হয়েছে। আজ সকালে আগরতলার বিবেক উদ্যানে বিবেকানন্দের মূর্তিতে পুজ্পার্ঘ্য নিবেদন করা হবে। এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন আগরতলা পুরমেয়র দীপক মজুমদার, রামকৃষ্ণ মিশনের বিবেকনগর শাখার সম্পাদক স্বামী শুভকরানন্দ মহারাজ প্রাক্তন বিচারপতি এস সি দাস প্রমুখ। সকাল সাড়ে ১০ টায় বিবেকনগর রামকৃষ্ণ মিশনের মূল অনুষ্ঠানে উপস্থিত থাকবেন রাজ্যপাল ইন্দ্র সেনা রেডি নাল্লু। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগরতলার স্বামী বিবেকানন্দ ক্লাবের জন্মজয়ন্তী উদযাপনে অংশ নেবেন। এছাড়া সন্ধ্যায় আগরতলার বিবেকউদ্যানে আয়োজিত এক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন তেলেঙ্গানা রাজ্যের রাজ্যপাল যিষ্ঠ দেববর্মা।

PM-Young Leaders:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় যুব দিবস উপলক্ষে আজ সকাল ১০টায় নতুনদিল্লির ভারত মণ্ডপমে 'বিকশিত ভারত ইয়ং লিডারস ডায়ালগ ২০২৫'-এ অংশগ্রহণ করবেন। তিনি সেখানে সারা দেশের তিন হাজার তরুণ নেতৃত্বের সঙ্গে মিলিত হবেন। এই উপলক্ষে একটি জনসভায়ও তিনি ভাষণ দেবেন।

PM :

এদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে দেশের উন্নয়ন যাত্রায় দেশের যুবকদের সম্পৃক্ত করার জন্য Viksit Bharat ইয়াং লিডারস ডায়ালগ একটি অনন্য উদ্যোগ। তিনি গতকাল জাতীয় যুব উৎসব ২০২৫ এবং বিকশিত ভারত তরুণ নেতাদের আলোচনা বিষয়ে যুব বিষয়ক ও ক্রীড়া প্রতিমন্ত্রী রক্ষণ খাড়সের লেখা একটি নিবন্ধ শেয়ার করে বলেন যে এই অনুষ্ঠানটি একটি বিকশিত ভারতের রূপকল্প উপলক্ষ্মি করার জন্য তরুণ মনের শক্তি, সৃজনশীলতা এবং নেতৃত্বকে তুলে ধরে।

Poush Mela-Kumarghat:

উন্কোটি জেলার কুমারঘাটের P.W.D ময়দানে গতকাল থেকে শুরু হয়েছে তিনদিনের পৌষ মেলা-২০২৫। উদ্বোধনী ভাষণে সাংসদ বিপ্লব কুমার দেব ভারতবর্ষের আধ্যাত্মিক ও সাংস্কৃতিক গ্রন্থিহ্যের উপর গুরুত্ব আরোপ করেন। বক্তব্য রাখেন, সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধায়ক ভগবান চন্দ্র দাস প্রমুখ। মেলায় স্ব-সহায়ক দল ও বিভিন্ন সংস্থার স্টল খোলা হয়েছে।

Weather Station :

ভারতীয় আবহাওয়া দপ্তর, আই এম ডি-র দেড়শো বছর পূর্তি হবে আগামী ১৪ই জানুয়ারী। এই উপলক্ষ্মে আজ ১২ই জানুয়ারী আগরতলায় 'ওয়েদার ফর রান'-এর আয়োজন করেছে ভারতীয় আবহাওয়া দপ্তর। আইএমডি- আগরতলা বিভাগের অধিকর্তা ডঃ পার্থ রায় আকাশবাণীর প্রতিনিধিকে এ সংবাদ জানিয়ে বলেছেন, দক্ষিণ ত্রিপুরা জেলার সাব্রুমে, অত্যাধুবিক ডপলার রাডার স্টেশন সহ পূর্ণ ক্ষমতার আবহাওয়া স্টেশন গড়ে তোলা হবে। তিনি আরো জানান, রাজ্যে আবহাওয়া পর্যবেক্ষণ ব্যবস্থাকে ভালোভাবে

গড়ে তুলতে নতুন ২৪টি আবহাওয়া ষ্টেশন গড়ে তোলার জন্য কেন্দ্রীয় সরকার অনুমতি দিয়েছে।

Law Awareness :

পশ্চিম জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে গতকাল দক্ষিণ চন্দ্রপুর হাই স্কুল, উত্তর তারানগর সিনিয়র বেসিক স্কুল, অভয়নগর নজরুল স্মৃতি বিদ্যালয় ও পিএম শ্রী রানীগঞ্জ বালিকা বিদ্যালয়ে আইনি সচেতনতা সভার আয়োজন করা হয়। আলোচনা করেন আইনজীবী অঞ্চন দেবনাথ, সুদীপ সূত্রাধর, প্রমোদ শাহু প্রমুখ।

Art of Livining:

আর্ট অফ লিভিং-র উদ্যোগে গতকাল বিলোনিয়ার পুরাতন টাউন হলে পণ্ডিত রবিশংকরের জন্মদিন উপলক্ষে শিশুদের নিয়ে বসে আঁকো প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে দক্ষিণ জেলার ৪৫ টি বাল মন্দিরের শিশুরা অংশ নেয়া ৩-৮ বছর বয়সী শিশুদের ভয়মুক্ত পরিবেশে শিক্ষাদান করার লক্ষ্যেই এই অনুষ্ঠানের আয়োজন।

Weather:

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। দিনের তাপমাত্রা সর্বাধিক ২৮ ডিগ্রি ও সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.৮ ডিগ্রি সেলসিয়াস।
